গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মৌলভীবাজার।

স্মারক নং-৪৪.০৩.৬০৫৮.০০২.৫৮.০১১.২৫-১৫৭৪

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ।
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ।

## "অফিস আদেশ"

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর স্মারক নং-৪৪.০৩.০০০.০৪১.৫৩.০০১.২০২৫-৮৪৫, তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রিঃ এবং স্মারক নং-৪৪.০৩.০০০.০৪১.৫৩.০০১.২০২৫-৮৪৬, তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রিঃ মূলে আসন্ন শারদীয় দুর্গাপুজা-২০২৫ উপলক্ষ্যে আনসার বাহিনী আইন, ১৯৯৫ এর ধারা ৯ ও গ্রাম প্রতিরক্ষাদল আইন, ১৯৯৫ এর ধারা ৮ অনুযায়ী এবং স্থানীয় সরকার আইনসমূহ (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন), ২০০৯ এর ধারা-২ অনুযায়ী মৌলভীবাজার জেলার ১০০৩টি পূজামন্ডপের আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিম্নবর্ণিত "ছক" মোতাবেক ৩৩ জন পিসি, ১০০৩ জন এপিসি, ৩০৪২ জন আনসার/ভিডিপি (পুরুষ), ২০০৬ জন আনসার/ভিডিপি (মহিলা) সহ সর্বমোট ৬০৮৪ জন আনসার/ভিডিপি সদস্য-সদস্যা আগামী ২৭/০৯/২০২৫ খ্রিঃ তারিখ হতে ০২/১০/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) দিনের জন্য অঙ্গীভূত করা হলো।

| ক্রঃ নং | উপজেলার নাম | পূজামন্ডপের ধরণ | | | মোট পূজামন্ডপের সংখ্যা | পিসি | এপিসি | আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | অধিক গুরুত্বপূর্ণ | গুরুত্বপূর্ণ | সাধারণ | | | | পুরুষ | মহিলা | | |
| ১ | সদর | ১১ | ৩৪ | ৬৪ | ১০৯ | ১১ | ১০৯ | ৩৩৮ | ২১৮ | ৬৭৬ | |
| ২ | রাজনগর | ৩ | ১০ | ১২৪ | ১৩৭ | ৩ | ১৩৭ | ৪১৪ | ২৭৪ | ৮২৮ | |
| ৩ | শ্রীমঙ্গল | ১৩ | ১৮ | ১৩৯ | ১৭০ | ১৩ | ১৭০ | ৫২৩ | ৩৪০ | ১০৪৬ | |
| ৪ | কমলগঞ্জ | ৪ | ৪৮ | ১০০ | ১৫২ | ৪ | ১৫২ | ৪৬০ | ৩০৪ | ৯২০ | |
| ৫ | কুলাউড়া | ০ | ৮ | ২১০ | ২১৮ | ০ | ২১৮ | ৬৫৪ | ৪৩৬ | ১৩০৮ | |
| ৬ | বড়লেখা | ০ | ৫৫ | ৮৯ | ১৪৪ | ০ | ১৪৪ | ৪৩২ | ২৮৮ | ৮৬৪ | |
| ৭ | জুড়ী | ২ | ২৯ | ৪২ | ৭৩ | ২ | ৭৩ | ২২১ | ১৪৬ | ৪৪২ | |
| | সর্বমোট= | ৩৩ | ২০২ | ৭৬৮ | ১০০৩ | ৩৩ | ১০০৩ | ৩০৪২ | ২০০৬ | ৬০৮৪ | |

**প্রতি পূজামন্ডপে সাধারন আনসার ও ভিডিপি সদস্য মোতায়েনের সার-সংক্ষেপঃ**

| পূজামন্ডপের ধরণ | পিসি | এপিসি | সাধারন আনসার/ভিডিপি সদস্য-সদস্যা | | মোট |
|---|---|---|---|---|---|
| | | | পুরুষ | মহিলা | |
| অধিক গুরুত্বপূর্ণ | ১ | ১ | ৪ | ২ | ৮ |
| গুরুত্বপূর্ণ | - | ১ | ৩ | ২ | ৬ |
| সাধারণ | - | ১ | ৩ | ২ | ৬ |

**ক। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে নির্দেশনা:**

১. উপজেলা পর্যায়ে দুর্গাপুজা সংক্রান্ত ফোকাল পারসন নির্ধারণ করতে হবে। পূজামন্ডপে দৃশ্যমান স্থানে ফোকাল পারসনসহ দায়িত্বরত পিসি/এপিসি, আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের নাম ও মোবাইল নম্বর সম্বলিত ফেস্টুন ঝুলিয়ে রাখতে হবে।

২. আনসার-ভিডিপি সদস্যদের ২৪ ঘন্টা রোস্টার ভিত্তিক ডিউটি তালিকা সংশ্লিষ্ট উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় এবং পূজামন্ডপে সংরক্ষণ করতে হবে। তালিকা মোতাবেক দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে।

৩. পুজা এলাকার আওতাভুক্ত যে সকল উপজেলা/থানার পুজামন্ডপে আনসার সদস্য নিয়োজিত থাকবেন সে সকল উপজেলা/থানার উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আনসার সদস্যদের দায়িত্বাবলী তত্ত্বাবধান করবেন।

৪. লাঠি, বাঁশি, পোষাকাদি ও অন্যান্য সরঞ্জামাদি প্রদান নিশ্চিত করবেন।

৫. কোন প্রশিক্ষণবিহীন সদস্য ও সদস্যা যাতে অংগীভূত না হয় তা নিশ্চিত করবেন। পূজামন্ডপে অংগীভূত আনসার ও ভিডিপি সদস্যদের দায়িত্ব তদারকি নিশ্চিত করবেন।

৬. উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ও উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা পর্যায়ক্রমিকভাবে ভ্রমণসূচী এমনভাবে নির্ধারণ করবেন যাতে দুই/তিন জনের যে কোন একজন কর্তৃক প্রত্যহ প্রতিটি পূজামন্ডপ পরিদর্শন করা হয়। কোন পরিস্থিতিতে কি করতে হবে তা লিখিতভাবে দায়িত্বরত আনসার ভিডিপি সদস্য-সদস্যাদেরকে জানিয়ে দিতে হবে।

৭. মাঠ পর্যায়ে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/উপজেলা প্রশিক্ষক/প্রশিক্ষিকা ও ভাতাভোগী সকল সদস্য-সদস্যাদের মাধ্যমে প্রতিমা প্রস্তুতকরণের স্থানসমূহ পরিদর্শন করবেন, এছাড়াও ঘটনা-দুর্ঘটনার প্রতিবেদন ও গৃহীত প্রয়োজনীয় কার্যক্রমের তথ্য শারদীয় সুরক্ষা অ্যাপসে নিয়মিতভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৮. পুজামন্ডপে যে কোন ধরণের জরুরি প্রয়োজনে এনটিএমসির কো-অর্ডিনেশন সেলের নম্বর: ০১৩৩৩০০০৮১৫, ০১৩৩৩০০০৮১৬, ০১৩৩৩০০০৮১৭ ফোনের মাধ্যমে যোগাযোগ করতে হবে।

চলমান পাতা-২



CamScanner

৯. এছাড়াও যে কোন জরুরি প্রয়োজনে ৯৯৯ এ যোগাযোগ করতে হবে।

খ। **পূজামন্ডপে অংগীভূত আনসার-এর দায়িত্ব সমূহঃ**

১. পূজামন্ডপে আগতদের নিয়ম মোতাবেক তল্লাশী কার্যক্রম জোরদার।

২. পূজামন্ডপ এলাকার অভ্যন্তরীণ নিরাপত্তা ও আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণ।

৩. পূজামন্ডপে দর্শনার্থীদের সুশৃংখলভাবে প্রবেশ ও প্রস্থানে সহায়তা করা।

৪. দর্শনার্থীদের সুশৃংখলভাবে পূজা উদযাপনে সহযোগিতা করা।

৫. পূজামন্ডপের নিরাপত্তা বিধান করা।

৬. পূজামন্ডপে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, উত্তেজনাকর পরিবেশ, কোন গোলযোগ বা অন্য কোন জরুরী পরিস্থিতির উদ্ভব হলে মন্ডপের পিসি/এপিসি তা তাৎক্ষণিকভাবে মন্ডপের দায়িত্বপ্রাপ্ত পুলিশসহ সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করবেন এবং যৌথভাবে পুলিশ ও আনসার পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য যা যা করণীয় তা সঠিকভাবে অনুসরণ করবেন। সংশ্লিষ্ট সকলের মোবাইল ফোন নম্বর লিখিত আকারে দায়িত্ব পালনকারী সকল সদস্যদের কাছে সংরক্ষণ করতে হবে এবং তাদের নম্বর ও প্রদান করতে হবে।

৭. প্রতিমা বিসর্জন শেষে পোষাকাদি ও লাঠি এবং অন্যান্য পূজা সামগ্রী নিরাপদে জেলা কার্যালয়ে পৌঁছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৮. পূজামন্ডপসমূহে নাশকতা প্রতিরোধে সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে এবং বিঘ্ন সৃষ্টিকারী ও দুষ্কৃতকারীদের অশুভ তৎপরতা রোধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯. অন্যান্য বাহিনী ও মন্ডপ কমিটির সাথে সমন্বয় করে দায়িত্ব পালন করতে হবে।

১০. মন্ডপে আগত সকলের সাথে শোভনীয় আচরণ করতে হবে, তবে মহিলা ও শিশুদের প্রতি অধিকতর সহনশীল হতে হবে।

১১. বড় মন্ডপে পুরুষ ও মহিলা আলাদা প্রবেশ/বাহির পথ করতে হবে।

১২. সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সতর্কতা অবম্বন করতে হবে। পূজা চলাকালীন সময়ে পূজামন্ডপ ও তৎসংশ্লিষ্ট কোন ছবি/নিজের ডিউটিরত অবস্থার ছবি আপলোড করা যাবেনা।

১৩. আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের দায়িত্ব পালনের ক্ষেত্রে সর্বোচ্চ ধৈর্য্য ও সহনশীলতার পরিচয় দিতে হবে।

১৪. দায়িত্ব পালনের সময় সহজে বহনযোগ্য টেকসই ও একই মাপের লাঠি (৩ ফিট) ব্যবহার করতে হবে।

**গ। পূজামন্ডপের অংগীভূত আনসার-এর করণীয় এবং বর্জনীয়ঃ**

(ক) যে কোন গোলযোগপূর্ণ পরিস্থিতিতে পূজামন্ডপে নিয়োজিত অংগীভূত পিসি, এপিসি ও আনসার সদস্যগণ সকলে একত্রে দায়িত্বপালনের স্থান ত্যাগ করতে পারবেন না।

(খ) পূজামন্ডপে নিয়োজিত অংগীভূত সকল সদস্য/সদস্যাদের অনুকূলে ইস্যুকৃত লাঠি, ইউনিফর্ম ও অন্যান্য সামগ্রীর রক্ষণাবেক্ষণ প্রত্যেকের স্ব স্ব দায়িত্ব হিসেবে গণ্য হবে। যে কোন কারণে ইস্যুকৃত দ্রব্যাদি হারানো গেলে বিধি মোতাবেক শাস্তি হবে।

(গ) কর্তব্যরত আনসার ও ভিডিপি সদস্য/সদস্যা যথাযথভাবে ইউনিফর্ম পরিধান করে দায়িত্ব পালন করবেন এবং কর্তব্যের স্থান ব্যতীত অন্য কোথাও গমন করবেন না।

(ঘ) গভীর রাতে ও রাতের শেষ ভাগে অর্থাৎ সকালে ডিউটিতে কোন ধরনের শিথিলতা প্রদর্শন করা যাবে না।

(ঙ) কর্তব্যরত অবস্থায় যেকোন পরিস্থিতি মোকাবেলার ক্ষেত্রে দায়িত্ব ও কর্তব্যের অবহেলা হলে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(চ) কোন ধরণের প্রক্সি ডিউটি করা যাবে না।

**গ। পূজামন্ডপ পরিদর্শন :** উপজেলা/থানা আনসার ভিডিপি কর্মকর্তা দিন বা রাত যে কোন সময় সর্বোচ্চ সংখ্যক পূজামন্ডপ পরিদর্শন করবেন।

**ঘ। ব্রিফিং:** উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তাগণ মোতায়েনের পূর্বে অংগীভূত আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদেরকে প্রয়োজনীয় ব্রিফিং প্রদান করবেন। ব্রিফিংকালে প্রয়োজনে ভারপ্রাপ্ত কর্মকর্তা, পুলিশ স্টেশন ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে উপস্থিত থাকার জন্য উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা অনুরোধ করবেন।

25/09/2024

মোঃ শাহ নেওয়াজ হোসেন
বিএভি-১২০২০৯
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মৌলভীবাজার।
যোগাযোগ-০১৭৩০-০৩৮০৮৩
Email-ansarvdpmoulvibazar@gmail.com

চলমান পাতা-৩



CamScanner

স্মারক নং-৪৪.০৩.৬০৫৮.০০২.৫৮.০১১.২৫-১৫৭৪

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ।
২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | -- | সদয় অবগতির জন্য। |
| ২। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | -- | সদয় অবগতির জন্য। |
| ৩। | উপমহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সিলেট রেঞ্জ, সিলেট। | -- | সদয় অবগতির জন্য। |
| ৪। | পরিচালক (অপারেশনস্/অর্থ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | -- | সদয় অবগতির জন্য। |
| ৫। | জেলা প্রশাসক, মৌলভীবাজার। | -- | সদয় অবগতির জন্য। |
| ৬। | পুলিশ সুপার, মৌলভীবাজার। | -- | সদয় অবগতির জন্য। |
| ৭। | অধিনায়ক<br>১৫ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারী<br>মৌলভীবাজার সদর আর্মি ক্যাম্প, মৌলভীবাজার। | -- | সদয় অবগতির জন্য। |
| ৮। | অধিনায়ক, শ্রীমঙ্গল আনসার ব্যাটালিয়ন (২৪বিএন)<br>মৌলভীবাজার। | -- | সদয় অবগতির জন্য। |
| ৯। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। | -- | সদয় অবগতির জন্য। |
| ১০। | উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)<br>.........................., মৌলভীবাজার। | -- | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১১। | অফিসার ইনচার্জ (সকল)<br>.........................., মৌলভীবাজার। | -- | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১১। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)<br>.........................., মৌলভীবাজার। | -- | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১২। | অফিস কপি/মাস্টার কপি। | -- | সংরক্ষণের জন্য। |

25/09/2025

জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
মৌলভীবাজার।



CamScanner